



## ঢাকা বিশ্ববিদ্যালয় অতি জরুরী বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের শর্তাবলী অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৮ সনের স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের উপর বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের (অনুষদ ভিত্তিক বিভাগ ওয়ারি) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত সরকারি টেলেন্টপুল বৃত্তি ও সরকারি সাধারণ বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের নামের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। বৃত্তি প্রাপ্ত সকল শিক্ষার্থীরা আগামী ১৮/০৬/২০২১ তারিখ (রাত-১২:০০টা) হতে ২১/০৬/২০২১ তারিখ (রাত-১২:০০টা) পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের বৃত্তির ওয়েব সাইটে (<https://studentscholarship.du.ac.bd/>) গিয়ে অনলাইনে বৃত্তির আবেদন করতে পারবে। অনলাইনে আবেদনের বিস্তারিত নির্দেশনা উক্ত ওয়েব সাইটে উল্লেখ রয়েছে।

২০১৮ সনের স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের উপর বৃত্তি প্রাপ্ত সকল শিক্ষার্থীদের (সংযুক্ত তালিকা অনুযায়ী) উক্ত তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে গিয়ে বাধ্যতামূলক অনলাইনে আবেদন করতে হবে। উপরোক্ত নিয়ম অনুযায়ী আবেদন না করলে বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীরা বৃত্তির টাকা পাবে না।

**বৃত্তির টাকা উত্তোলনের জন্য শিক্ষার্থীর নিজ নামে অনলাইন সুবিধা সম্পন্ন ১৩-১৭ ডিজিটের ব্যাংক একাউন্ট থাকতে হবে।** ব্যাংক একাউন্ট না থাকলে, অনতিবিলম্বে তফসিলভুক্ত অনলাইন সুবিধা সম্পন্ন যে কোন ব্যাংকে একাউন্ট খুলতে হবে। ব্যাংক হিসাব ব্যতীত অন্য কোন পদ্ধতিতে বৃত্তির অর্থ প্রেরণ/উত্তোলন করা সম্ভব নয়। মোবাইল ব্যাংকিং, বিকাশ ও রকেট গ্রহণযোগ্য নয়।

জরুরী প্রয়োজনে (বৃত্তি সংক্রান্ত তথ্য) ও অনলাইনে আবেদন সংক্রান্ত সমস্যার জন্য- ০১৫৭১২৯৭৩৪২, ০১৭১১০৫৮৩৩৭ (শুধুমাত্র অফিস চলাকালীন সময়ে সকাল-০৯.০০টা থেকে দুপুর-২.০০টা পর্যন্ত)

স্মারক নং-রেজিঃ/শিক্ষা-৫/৪৯৭৮৩-সি

স্বাক্ষরিত/-

(শিউলি আফছার)

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)

ঢাকা বিশ্ববিদ্যালয়।

তারিখঃ ০৩/০৩/১৪২৮ বঙ্গাব্দ  
১৭/০৬/২০২১ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ২। প্রভোস্ট, সকল হল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৩। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৫। পরিচালক, জনসংযোগ অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৬। পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়।

২৭/০৬/২০

(শিউলি আফছার)

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)

ঢাকা বিশ্ববিদ্যালয়।